*THE BANGLADESH OBSERVER*

তারিখ ... MAR. 23 1999 ...
পৃষ্ঠা ৫০ কলাম ৭

# ঢাকা বিশ্ববিদ্যালয়

## প্রথম বর্ষ স্নাতক সম্মান শ্রেণীতে ভর্তির বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৯৮-৯৯ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির জন্য ৫-০৪-৯৯ইং তারিখ থেকে ২২-০৪-৯৯ইং তারিখ পর্যন্ত প্রাথমিক আবেদনপত্র গ্রহণ করা হবে। প্রাথমিক আবেদনপত্রের ফরম ৫-০৪-৯৯ইং তারিখ থেকে নির্ধারিত ব্যাংক কর্তৃক বিতরণ করা হবে। পূরণকৃত ফরম সংশ্লিষ্ট ইউনিট অফিসে. সর্বশেষ ২২-০৪-৯৯ইং. তারিখের মধ্যে জমা দিতে হবে। এ সংক্রান্ত শর্তাবলী/নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলোঃ

১৯৯৭ অথবা ১৯৯৮ সনের উচ্চ মাধ্যমিক অথবা তার সমতুল্য পরীক্ষায় যারা উত্তীর্ণ হয়েছে এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক উভয় পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ রয়েছে কেবল তারাই নিম্নবর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে বিভিন্ন ইউনিটের মাধ্যমে ভর্তির জন্য আবেদন করতে পারবেঃ

**ক-ইউনিটঃ** বিজ্ঞান ও কৃষি বিজ্ঞান শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১৩৫০ নম্বর পেতে হবে। বিজ্ঞান, জীব বিজ্ঞান ও ফার্মেসী অনুষদে মেধা অনুযায়ী ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তিচ্ছু বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় কমপক্ষে ৫০% নম্বর অবশ্যই পেতে হবে। তাদেরকে কার্জন হল এলাকায় অবস্থিত অগ্রণী ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে বিজ্ঞান অনুষদ ডীনের অফিসে (কার্জন হল এলাকায় অবস্থিত) অফিস চলাকালে জমা দিতে হবে।

**খ-ইউনিট** ঃ কলা (মানবিক) শাখায় উচ্চ মাধ্যমিক এবং মাদ্রাসা বোর্ডের কলা (মানবিক) শাখায় আলিম পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে। কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদ সমূহের যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় অন্ততঃ ৪৫% নম্বর অবশ্যই পেতে হবে। তাদেরকে জনতা ব্যাংকের ছাত্র-শিক্ষক কেন্দ্র শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে কলা অনুষদের ডীনের অফিসে (কলা ভবনে অবস্থিত) অফিস চলাকালে জমা দিতে হবে।

**গ-ইউনিটঃ** বাণিজ্য শাখায় উচ্চ মাধ্যমিক এবং ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে এবং বিজনেস স্টাডিজ অনুষদের যে বিষয়ে ভর্তি হতে ইচ্ছুক সে বিষয়ে অথবা ঐ বিষয়ের সংগে সম্বন্ধযুক্ত অনুমোদিত বিষয়ে উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অন্ততঃ ৪৫% নম্বর অবশ্যই পেতে হবে। তাদেরকে ঢাকা বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনে অবস্থিত সোনালী ব্যাংকের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে বিজনেস স্টাডিজ অনুষদের ডীনের অফিসে (বিজনেস স্টাডিজ ভবনে অবস্থিত) অফিস চলাকালে জমা দিতে হবে।

**ঘ-ইউনিটঃ** উচ্চ মাধ্যমিক পর্যায়ে অধীত ঐচ্ছিক বিষয়সমূহ বাদ দিয়ে অন্য বিষয়ে/বিভাগে সংরক্ষিত আসনে ভর্তির জন্য প্রতিযোগিতা করতে ইচ্ছুক ছাত্র/ছাত্রীদেরকে এবং গার্হস্থ্য অর্থনীতি শাখায় উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রীদেরকে 'ঘ' ইউনিটের মাধ্যমে আবেদন করতে হবে। উক্ত ইউনিটে ভর্তি প্রার্থীদেরকে নিম্নোক্ত শর্তসমূহ পূরণ করতে হবেঃ

১। উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় বাংলা ও ইংরেজি বিষয়ে সম্মিলিতভাবে সর্বমোট নম্বরের (গ্রেস নম্বর ব্যতীত) অন্ততঃ ৫০% নম্বর অবশ্যই পেতে হবে।

২। উচ্চ মাধ্যমিক/আলিম (বিজ্ঞান) শাখা এবং গার্হস্থ্য অর্থনীতি শাখা থেকে আগত ছাত্র/ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১৩৫০ নম্বর পেতে হবে এবং কলা/বাণিজ্য শাখা থেকে আগত ছাত্র/ছাত্রীদেরকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সর্বমোট ১১৫০ নম্বর পেতে হবে।

ঘ-ইউনিটের মাধ্যমে ভর্তি প্রার্থীদেরকে জনতা ব্যাংকের ছাত্র-শিক্ষক কেন্দ্রের শাখা থেকে নির্ধারিত ফরম সংগ্রহ করতে হবে এবং তা যথাযথভাবে পূরণ করে সামাজিক বিজ্ঞান অনুষদ ডীনের অফিসে (কলা ভবনে অবস্থিত) অফিস চলাকালে জমা দিতে হবে।

জিসিইও-লেভেলে অন্ততঃ তিনটি বিষয়ে এবং ১৯৯৭ অথবা ১৯৯৮ সনের এ-লেভেল পরীক্ষায় অন্ততঃ দু'টি বিষয়ে উত্তীর্ণ ছাত্র/ছাত্রিগণও ভর্তির জন্য আবেদন করতে পারবে। তবে তাদেরকে ও-লেভেল এবং এ-লেভেলের মোট পাঁচটি বিষয়ের মধ্যে কমপক্ষে তিনটি বিষয়ে বি-গ্রেড এবং দু'টি বিষয়ে সি-গ্রেড প্রাপ্ত হতে হবে।

সমমানের বিদেশী সার্টিফিকেট/ডিপ্লোমাধারী প্রার্থীরা সংশ্লিষ্ট ইউনিট প্রধানের অনুমতিসাপেক্ষে আবেদন করতে পারবে। তবে সংশ্লিষ্ট অনুষদ কর্তৃক সমতা নিরুপিত হলেই কেবল তারা ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

এ ছাড়াও সকল প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিট কর্তৃক নির্ধারিত ভর্তির অন্যান্য শর্ত পূরণ করতে হবে।

**ভর্তি পরীক্ষার নম্বরঃ**

সকল প্রার্থীকে ১০০ নম্বরের (লিখিত) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। ভর্তি পরীক্ষায় পাস নম্বর ন্যূনতম ৪০ হবে। সকল ইউনিটের প্রশ্নপত্র এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে।

**ভর্তি পরীক্ষার ফিসঃ**

প্রতি ইউনিটে ভর্তি পরীক্ষার জন্য সংশ্লিষ্ট ব্যাংকের উল্লিখিত শাখায় নগদ টাঃ ২০০/০০ (দুইশত) ফিস জমা দিয়ে প্রাথমিক আবেদনপত্র, ভর্তি নির্দেশিকা এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র সংগ্রহ করতে হবে।

**ভর্তি পরীক্ষার তারিখঃ**

ক-ইউনিট ২১-০৫-৯৯, খ-ইউনিট ০৭-০৫-৯৯, গ-ইউনিট ৩০-০৪-৯৯ এবং ঘ-ইউনিট ১৪-০৫-৯৯।

প্রাথমিক আবেদনপত্রের সাথে প্রার্থীর দু'কপি পাসপোর্ট আকারের ফটো এবং সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্রের প্রত্যায়িত কপি জমা দিতে হবে। স্কুল অথবা কলেজ কর্তৃক ইস্যুকৃত নম্বরপত্র গ্রহণযোগ্য হবে না। নম্বরপত্রের ফটোস্ট্যাট কপি অবশ্যই প্রত্যায়িত হতে হবে।

ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ভর্তি ফরমের সাথে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র ছাড়াও উচ্চ মাধ্যমিক পরীক্ষার প্রবেশপত্রের দুইখানা ফটোকপি সংশ্লিষ্ট বিভাগীয় শিক্ষক কর্তৃক প্রত্যায়িত করে জমা দিতে হবে।

সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক ইস্যুকৃত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষার নম্বরপত্র/সার্টিফিকেটে উল্লেখকৃত নামের বানান একই রকম না হলে অথবা অন্য কোন গরমিল থাকলে কোন প্রার্থীকে ভর্তির অনুমতি দেয়া হবে না।

বিভিন্ন বিভাগে ভর্তির ক্ষেত্রে অন্যান্য শর্ত সংশ্লিষ্ট বিভাগ/ইউনিট অফিস থেকে জানা যাবে। ভর্তি ও ভর্তি পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত তথ্য ভর্তি নির্দেশিকায় পাওয়া যাবে। ভর্তি নির্দেশিকায় উল্লেখ নেই ভর্তি সংক্রান্ত এমন কোন তথ্য জানতে হলে সংশ্লিষ্ট ইউনিট কার্যালয়ে যোগাযোগ করতে হবে।

**উপ-রেজিস্ট্রার (শিক্ষা-২)**
ঢাকা বিশ্ববিদ্যালয়।

জিসি-১৫৭১